



সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন উপলক্ষে রোববার মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। মন্ত্রীকে কাছে পেয়ে উচ্ছ্বসিত শিক্ষার্থীরা

শিক্ষা ব্যবস্থার মৌলিক ও আমূল পরিবর্তন দরকার

শিক্ষামন্ত্রী

■ সিলেট ব্যুরো
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'সন্তানের জন্য মা-বাবার ভালোবাসার চেয়ে আর কিছু বড় হতে পারে না। সেই মা-বাবা জঙ্গি হওয়ার কারণে যে সন্তানের লাশ নিচ্ছে না, আল্লাহ তাকে নিয়ে বেহেশতে হুরপরী দেবেন- এত সহজ নাকি? এসব বিভ্রান্তির বিরুদ্ধে আমাদের সবাইকে সচেতন থাকতে হবে।'

গতকাল রোববার দুপুরে নগরীর সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। গতকাল সিলেট সরকারি কলেজে পৃথক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী দেশের শিক্ষা ব্যবস্থার মৌলিক ও আমূল পরিবর্তন দরকার বলেও মন্তব্য করেন।

গতকাল দুপুরে সিলেট সরকারি কলেজ পরিদর্শন শেষে আয়োজিত মতবিনিময় ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

শিক্ষা ব্যবস্থার

[তৃতীয় পৃষ্ঠার পর]

সভায় শিক্ষামন্ত্রী বলেন, দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থা দিয়ে লক্ষ্য অর্জিত হবে না। শিক্ষা ব্যবস্থায় মৌলিক ও আমূল পরিবর্তন দরকার। কিন্তু এই পরিবর্তন রাতারাতি করা সম্ভব নয়। ধারাবাহিকতা প্রয়োজন। তিনি ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্য করে বলেন, কেবল জ্ঞান অর্জন করলে হবে না, ভালো মানুষ হওয়ার চেষ্টা করতে হবে। কখনও লোভে পড়বে না। মানুষ মেরে কোনোদিন বেহেশতে যাওয়া যায় না। আল্লাহ মানুষ সৃষ্টি করেছেন। মানুষ হত্যা করলে জাহান্নামে যেতে হবে, বেহেশতে নয়। এ সময় সিলেট সরকারি কলেজের উন্নয়নে পদক্ষেপ নেওয়ার আশ্বাসও দেন শিক্ষামন্ত্রী।

সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের নবনির্মিত চারতলা ভবনের উদ্বোধন উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী বলেন, সবাই মিলে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে, যাতে জঙ্গিবাদ প্রশ্রয় না পায়। কারণ সন্তান জঙ্গিবাদে জড়িয়ে পড়লে 'সর্বনাশ' হবে উল্লেখ করে তিনি বলেন, তখন হা-হতাশ করা ছাড়া উপায় থাকবে না। এ জন্য বাবা-মাকে এ ব্যাপারে সতর্ক থাকতে হবে।

এসব অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজ, মহানগর আওয়ামী লীগের সভাপতি বদর উদ্দিন আহমদ কামরান, জেলার সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, সাবেক এমপি সৈয়দা জেবুনেছা হুসেইন, সিলেট সরকারি কলেজের অধ্যক্ষ আতাউর রহমান, এমসি কলেজের অধ্যক্ষ নূরুজ্জামান চন্দ্র চন্দ প্রমুখ।